গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.২৫.০০৩.১৭.৪০৬

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **৬৪তম বুনিয়াদি কোর্সের তারিখ পরিবর্তন।**

সূত্র ঃ (১) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ২২/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ১জে-৫৯/০২ (অংশ-৪)-৪১৬৫ এ নম্বর পত্র।
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ০৫.২০১.০২৫.০০.০০.০০৬.২০১৩ (অংশ-১)-১৮২ নম্বর পত্র।
(৩) আইন ও বিচার বিভাগের ১৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৫.০০৩.১৭.৩৯৪ নম্বর পত্র।
(৪) আইন ও বিচার বিভাগের ১৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৫.০০৩.১৭.৩৯৫ নম্বর পত্র।
(৫) আইন ও বিচার বিভাগের ১৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৫.০০৩.১৭.৩৯৬ নম্বর পত্র।
(৬) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ০৫.২০১.০২৫.০০.০০.০০৬.২০১৩ (অংশ-১)-১৭২ নম্বর পত্র।
(৭) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.২০১.০২৫.০২৪.২০১৫-১৭৬ নম্বর পত্র।
(৮) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.২০১.০২৫.০২৫.২০১৫-১৭৭ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সূত্রোক্ত ৬-৮নং পত্রের মাধ্যমে ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কমকর্তাদের মনোনয়ন প্রদানপূর্বক তাঁদের উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধের প্রেক্ষিতে অত্র শাখার সূত্রোক্ত ৩-৫নং স্মারক মূলে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের মোট ৩৬জন কর্মকর্তাকে আগামী ২১/০৫/২০১৭ খ্রিঃ তারিখ হতে ১৬/১১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬ মাস মেয়াদে বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হয়।

০২। পরবর্তীতে সূত্রোক্ত ২নং পত্রের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সর তারিখ আগামী ২১/০৫/২০১৭ খ্রিঃ তারিখ হতে ১৬/১১/২০১৭ খ্রিঃ তারিখের পরিবর্তে আগামী ২৪/০৫/২০১৭ খ্রিঃ হতে ১৯/১১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়।

০৩। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে (১) বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা, (২) টেলিকমিউনেকেশনস স্টাফ কলেজ, গাজীপুর এবং (৩) পল্লী উন্নয়ণ একাডেমী, বগুড়াতে অনুষ্ঠিতব্য ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে সূত্রোক্ত ৩-৫নং স্মারক পত্রে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাদের আগামী ২১/০৫/২০১৭ খ্রিঃ তারিখ হতে ১৬/১১/২০১৭ খ্রিঃ তারিখের পরিবর্তে আগামী ২৪/০৫/২০১৭ খ্রিঃ হতে ১৯/১১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬ মাস মেয়াদে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো ।

০৪। উপরিবর্ণিত কর্মকর্তাগণকে আগামী ২৩ মে, ২০১৭ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে রিপোর্ট করতে হবে। উক্ত তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন সময়ের জন্য নিজ নিজ কর্মস্থল হতে তাৎক্ষণিক ভাবে অবমুক্ত (stand released) বলে গণ্য হবেন।

০৫। অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

স্বাঃ
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।
ফোন ঃ ৯৫৫৪৫৩১।

নং-১০.০০.০০০০.১২৫.২৫.০০৩.১৭.৪০৬/১(১৮)

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা)
২। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।
৫। মহাপরিচালক, টেলিকমিউনেকেশনস স্টাফ কলেজ, গাজীপুর।
৬। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৭। জেলা জজ,
৮। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
৯। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,

১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব, বাজেট, আইন ও বিচার বিভাগ।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
১৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। গার্ড ফাইল।
১৭। অফিস কপি।
১৮। জনাব/বেগম

(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।